সংগ্রাম বার্তা
একটি উপকূলীয় উন্নয়ন সাময়িকী
সংখ্যা ৫৪
■ ১৪ তম বর্ষ ■ ৩০ সেপ্টেম্বর ২০১৮



সংগ্রাম'র লাউপাড়া শাখার হিসাবরক্ষক মোঃ ফরিদুজ্জামান এর মৃত্যুতে সংগ্রাম পরিবার গভীর সমবেদনা জ্ঞাপণ করছে।

# বরগুনায় ৮২ জন অতিদরিদ্র মেধাবী শিক্ষার্থীকে ৯ লক্ষ ৮৪ হাজার টাকার চেক প্রদান

অতিদরিদ্র পরিবারের ৮২জন মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি দেয়া হয়েছে। এদের প্রত্যেককে ১২ হাজার টাকার চেক প্রদান করা হয়েছে। ২১ জুলাই বরগুনার বঙ্গবন্ধু স্মৃতি কমপ্লেক্সে বরগুনার অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক মোঃ মাহবুব আলম শিক্ষার্থীদের হাতে এই চেক তুলে দেন।




*চেক বিতরণ শেষে অংশগ্রহনকারী ও ছাত্র-ছাত্রীবৃন্দ*

সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মদ মাসুমের সভাপতিত্বে অনুষ্ঠিত চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ছিলেন বরগুনার অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক মোঃ মাহবুব আলম। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরগুনা সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. আবদুস সালাম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোঃ জাকির হোসেন বাচ্চু, বরগুনা সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনিচুর রহমান, জেলা শিক্ষা অফিসার মো. শাহাদাৎ হোসেন, বরগুনা সরকারি কলেজের অধ্যাপক মোঃ মতিউর রহমান, বরগুনা এনজিও ডেভেলপমেন্ট ফোরামের সভাপতি মুক্তিযোদ্ধা আব্দুল মোতালেব মৃধা। বক্তব্য রেখেছেন বরগুনা প্রেসক্লাবের সাবেক সভাপতি হাসানুর রহমান ঝন্টু, অন্বেষা এনজিও'র নির্বাহী পরিচালক মো. শামস্ উদ্দিন খাঁন, টেলিভিশন সাংবাদিক ফোরামের সভাপতি মনির হোসেন কামাল প্রমুখ।

জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীরা বিভিন্নভাবে আর্থিক সুবিধা পেয়ে থাকেন, অথচ যে সকল শিক্ষার্থী জিপিএ ৫ এর নীচে ফলাফল পেয়ে পরীক্ষায় উত্তীর্ণ হচ্ছে তারা তেমন কোন সুযোগ সুবিধা পাচ্ছে না। এ কারণে এসএসসি পরীক্ষায় অতিদরিদ্র সদস্যদের ছেলে-মেয়েদের মধ্য হতে যারা জিপিএ ৫ এর নিচে ফলাফল অর্জন করতে সামর্থ হয়েছে এবং বর্তমানে কলেজে অধ্যয়নরত রয়েছে তাদের মধ্য হতে ৮২জনকে ১২হাজার টাকা করে শিক্ষাবৃত্তি প্রদান করেছে সংগ্রাম। এতে সহযোগিতা করেছে পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ)।

# বরগুনায় কিশোর-কিশোরী সম্মেলন অনুষ্ঠিত

মেধা ও মননে সুন্দর আগামী-এই শ্লোগান নিয়ে বরগুনায় জেলা পর্যায়ে অনুষ্ঠিত হয়েছে বাংলাদেশ কিশোর-কিশোরী সম্মেলন ২০১৮। তৃণমূল পর্যায় হতে প্রতিশ্রুতিশীল কিশোর-কিশোরীদের অন্বেষণ এবং তাদের প্রতিভাকে স্বীকৃতি দানের মাধ্যমে আগামী দিনের সৎ ও যোগ্য নেতৃত্ব গড়ার লক্ষে পিকেএসএফ-এর সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচি'র আওতায় স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের মাঝে প্রতিযোগিতার মাধ্যমে জাতীয় পর্যায়ে 'বাংলাদেশ কিশোর-কিশোরী সম্মেলন-২০১৮' এর জন্য যোগ্য কিশোর-কিশোরী নির্বাচনের লক্ষে জেলা পর্যায়ে এই প্রতিযোগিতার মাধ্যমে ১০জন মেধাবী কিশোর-কিশোরী নির্বাচন করা হয়েছে। ২৫ জুলাই দিনব্যাপী প্রতিযোগিতায় প্রবন্ধ লেখা, কুইজ ও গাণিতিক দক্ষতা বিষয়ে দেড়ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে, পাশাপাশি উপস্থিত বক্তৃতা, বিদ্যমান সাফল্য বিষয়ে সংক্ষিপ্ত প্রতিযোগিতার আয়োজন করা হয়। পরে এ বিষয়ক সম্মেলন অনুষ্ঠিত হয় এবং বিজয়ীদের সনদপত্র, গেঞ্জি, ক্রেস্ট ও ইয়েস কার্ড প্রদান করা হয়। নির্বাচিত এই ১০ জন কিশোর-কিশোরীকে জাতীয় পর্যায়ে অংশগ্রহনের জন্য মনোনীত করা হয়েছে। ঢাকায় অনুষ্ঠেয় বাংলাদেশ কিশোর-কিশোরী সম্মেলন ২০১৮ এ অংশগ্রহণের জন্য এদেরকে পাঠানো হবে।




*বিজয়ীদের সাথে বরগুনার পুলিশ সুপার বিজয় বসাক (বিপিএম)*

বরগুনা আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে অনুষ্ঠিত সম্মেলনে সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মদ মাসুম সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরগুনার পুলিশ সুপার বিজয় বসাক (বিপিএম)। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রেখেছেন জেলা শিক্ষা অফিসার মো. শাহাদাৎ হোসেন, বরগুনা প্রেসক্লাবের সাবেক সভাপতি হাসানুর রহমান ঝন্টু, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মুনীরুজ্জামান, টেলিভিশন সাংবাদিক ফোরামের সভাপতি মনির হোসেন কামাল, বরগুনা আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে প্রধান শিক্ষক ইসরাত জাহান মোনালিসা। সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে বরগুনা আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীবৃন্দ।

# পাথরঘাটার হাড়িটানা গ্রামে পানি প্রযুক্তি স্থাপন
# আশঙ্কামুক্ত চার শত পরিবার

বরগুনার পাথরঘাটা উপজেলার বাদুরতলা গ্রামের গৃহবধূ দুলিয়া বেগম। প্রখর রোদে দেড় কিলোমিটার মেঠো পথ পাড়ি দিয়ে এসেছেন পার্শ্ববর্তী হাড়িটানা গ্রামে। উদ্দেশ্য এক কলসি পানি। পাঁচজনের সংসারের খাবার পানির প্রয়োজন মেটাতে তিনি সন্ধ্যায় আরেকবার আসবেন। রান্নার পানিও আনতে হয় বাদুরতলা গ্রামের ফরাজী বাড়ির পুকুর থেকে। কাপড় ধোঁয়া আর গোসল সারেন নিজেদের পুকুরের নোনা পানিতে। তাও দুই-তিন দিন পর পর। কারণ লবন পানিতে শরীরে ঘাঁ ধরে।



*বিশুদ্ধ পানি পান করছে ছাত্রীরা*

পাথরঘাটা ইউনিয়নে আদৌ টিউবওয়েল বসেনা। পাথরঘাটা উপজেলার সবচেয়ে অনিরাপদ পানির ঝুঁকিতে রয়েছে পাথরঘাটা ইউনিয়ন। এখানে হাড়িটানা গ্রামটি আরো ঝুঁকিপূর্ণ। গহরপুর খাল দ্বারা বেষ্টিত এই গ্রামটিতে ৪০০ পরিবারে ২ হাজার ২৩৩ জন মানুষের বসবাস। পুরো গ্রামে ৪টি পুকুর আছে। এর দুটি পুকুরে পন্ড স্যান্ড ফিল্টার (পিএসএফ) আছে। একটি অকেজোঁ, অন্য পুকুরটিতে খালের লবনাক্ত পানি ঢুকে পানি লবণাক্ত করে দিয়েছে বিধায় পিএসএফ-এর পরিশোধিত পানি লবণাক্ত হয়ে পড়েছে। তাছাড়া এসকল পিএসএফ-এর বালু খোয়া নিয়মিত ধুয়ে না শুকানোর কারণে পরিশোধন প্রক্রিয়া যথাযথ নেই।

হাড়িটানা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়টি এই গ্রামের মধ্যবর্তী স্থানে অবস্থিত। এর লাগোয়া প্রাথমিক বিদ্যালয়ও রয়েছে। দুটি বিদ্যালয়ে প্রায় ১ হাজার ২০০জন শিক্ষার্থী রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানটির চাহিদার প্রেক্ষিতে বিদ্যালয়ের সম্মুখভাগে একটি বিশাল আকারের গভীর পুকুর রয়েছে। স্থানীয় জনগোষ্ঠি এই পানিই খাবার পানি হিসেবে পান করে। ঘনবসতিপূর্ণ এই গ্রামের পানির সঙ্কট চরমে ওঠে শুস্ক মৌসুমে। এ সময় আরো দূর-দূরান্ত থেকে নিরাপদ পানি সংগ্রহে এই পুকুরে নারীরা আসে।

সিডিডি (সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভলপমেন্ট) এর সহযোগিতায় Sky Hydrant (স্কাই হাইড্রান্ট) পানি পরিশোধন প্রযুক্তি স্থাপনের সুযোগ আসায় সংগ্রাম এই বিদ্যালয়ের পুকুরকে কেন্দ্র করে বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি ও শিক্ষকদের সাথে যোগাযোগ করে। এতে স্কুল কর্তৃপক্ষ দারুণভাবে সাড়া দেয়। পরবর্তীতে স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, ভোক্তাদের সাথে ছোট দলে আলোচনার মাধ্যমে স্কাই হাইড্রান্ট স্থাপনের চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। স্থাপনের সুবিধার জন্য স্কুল কর্তৃপক্ষ কস্ট শেয়ারিংয়ের মাধ্যমে প্রযুক্তি স্থাপনে খরচের একটি অংশ প্রদানেও একমত হয়।

নির্বাচিত পুকুরের পানির উপযোগিতা পরীক্ষা করার জন্য ১৭ জানুয়ারি ২০১৮ তারিখে সিডিডি থেকে জনাব মাইনুল ইসলাম পাথরঘাটায় এসে পানি পরীক্ষা করেন। পাশাপাশি উচ্চতর পরীক্ষার জন্য বরিশাল জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে পানি প্রেরণ করেন। পরবর্তীতে রিপোর্ট সিডিডিতে প্রেরণ করা হয়। পানির রিপোর্ট প্রযুক্তি স্থাপনের জন্য সঠিক হওয়ার পর সিডিডির অনুমতিক্রমে সংগ্রাম স্কাই হাইড্রান্ট স্থাপনের উদ্যোগ গ্রহন করে। এতে সার্বক্ষণিক সিডিডি'র এক্সপার্ট সহযোগিতা করেন। স্থাপন সুবিধার জন্য স্থানীয় পানির মেরামতকর্মী ও রাজমিস্ত্রীকে সিডিডি'র এক্সপাট ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করেন। স্থাপনের সকল কাজ সম্পন্ন হওয়ার পর স্কাই হাইড্রান্ট কার্যকারিতা পরীক্ষা করা হয় এবং সফলতার সাথে স্কাই হাইড্রান্ট থেকে বিশুদ্ধ পানি পাওয়া যায়। অতপর ভোক্তাদের নিরাপদ পানি সরবরাহের আগে ৮ মে ২০১৮ তারিখে পানি ব্যবস্থাপনার সাথে সংশ্লীষ্ট ব্যক্তিদের ওরিয়েন্টেশন প্রদান করা হয়। ওরিয়েন্টেশনে স্কাই হাইড্রান্ট রক্ষণাবেক্ষণকারী, পরিচালনাকারী, মেরামতকর্মী, শিক্ষক, ভোক্তা ও স্থানীয়ভাবে নির্বাচিত পরিবীক্ষণ প্রতিনিধি অংশগ্রহন করেন।

স্কাই হাইড্রান্ট স্থাপন করায় হাড়িটানা গ্রামের ৪০০ পরিবারের নিরাপদ পানির সংস্থান হয়েছে, এলাকার মানুষগুলোর রোগ কমতে শুরু করেছে, বহুবছর ধরে অবিরাম নিরাপদ পানি পাওয়ার অনন্য সুযোগ তৈরী হয়েছে। এর ফলে এলাকার মানুষের স্বস্তি তৈরী হয়েছে এবং চারশত পরিবার আশঙ্কামুক্ত হয়েছে।

# পাথরঘাটার হাতেমপুরে বিনামূল্যে গাছের চারা বিতরণ

সংগ্রাম'র উদ্যোগে গত আগস্ট মাসে পাথরঘাটা উপজেলার হাতেমপুর গ্রামের স্থানীয় জনগোষ্ঠির মধ্যে বিনামূল্যে গাছের চারা বিতরণ করা হয়েছে। বিতরণের পূর্বে চৌধূরী মাসুম কৃষি প্রযক্তি ইন্স্টিটিউট মাঠ প্রাঙ্গণে গাছের চারা রোপণ বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।



*গাছের চারা বিতরণ করছেন সংগ্রাম'র নির্বাহী পরিচালক*

চৌধূরী মাসুম কৃষি প্রযুক্তি ইন্স্টিটিউটের অধ্যক্ষ কৃষিবিদ আ.ফ.ম জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মদ মাসুম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, কৃষিবিদ মোঃ বেলাল হোসেন, কৃষিবিদ মোঃ গিয়াস উদ্দিন, উপ-সহকারি কৃষি অফিসার মোঃ হারুন অর রশিদ প্রমুখ।

প্রধান অতিথি চৌধূরী মোহাম্মদ মাসুম কৃষি ইনস্টিটিউট প্রাঙ্গণে আনুষ্ঠানিকভাবে একটি গাছের চারা রোপণ করেন। অতপর সাধারণ লোকজনদের মাঝে বিনামূল্যে ভিয়েতনামের নারিকেল চারা, আমের কলম, জলপাই কলম, থাই পেয়ারার চারা, নিম, লেবু, আমড়া, কৃষ্ণচূড়া, রাধাচূড়া, আমলকি, কদবেল ও সফেদা সহ মোট ২৫০০ গাছের চারা বিতরণ করা হয়।

## উন্নয়নে যুব সমাজ
# যুবকের গৌরবদীপ্ত জয়গান







*যুবকদের কর্মকান্ড*

আমাদের যুব সমাজ জাতির আশা-ভরসার কেন্দ্রস্থল। জাতীয় জীবনে যে কোন গুরুত্বপূর্ণ, যে কোন আপদকালীন মুহূর্তে যুবসমাজ অগ্রণী এবং সাহসী ভূমিকা পালন করতে পারে। ত্যাগ ও সংগ্রামী চেতনায় অনুপ্রেরিত হয়ে আমাদের বর্তমান যুব সমাজ দেশগঠনে স্মরণীয় ভূমিকা রাখতে পারে।

যুবসমাজের অবক্ষয় থেকে মুক্তি পাওয়ার জন্য এবং সচেতন যুবসমাজকে এগিয়ে নেওয়ার জন্য সংগ্রাম সমৃদ্ধি কর্মসূচির মাধ্যমে 'উন্নয়নে যুব সমাজ' কর্মকান্ডের আওতায় ১৬ ব্যাচে ৪৮০জন যুবককে প্রশিক্ষণ প্রদান করে। পাথরঘাটা উপজেলার পাথরঘাটা ইউনিয়নের ২৪০জন ও বামনা উপজেলার ডৌয়াতলা ইউনিয়নের ২৪০জন এই প্রশিক্ষণে অংশগ্রহন করেন। এই প্রশিক্ষণের মাধ্যমে যুব শক্তিকে আত্নকর্মসংস্থানে উদ্বুদ্ধ করে তোলা হয়।

প্রশিক্ষণে অনুপ্রাণিত এসকল যুবক প্রশিক্ষণ পরবর্তী উদ্যোমী যুবকরা সাকোর কাঠামো মেরামত করেছে। গাছে পাখি বসবাসের উপযোগি করার জন্য পাখির বাসা হিসেবে মাটির হাড়ি পেতে দিয়েছে। ঘূর্ণিঝড়ের সময় আশ্রয় নেওয়ার জন্য বিভিন্ন রাস্তায় তালের বীজ রোপন করেছে। সম্মিলিতভাবে বাজারের ময়লা পরিস্কার করেছে। নিজ বাড়িতে বাসক পাতার চাষ করেছে।

সততা,আদর্শ, নিষ্ঠা, দেশপ্রেমে উদ্বুদ্ধ যুবকরাই জাতির সেরা সম্পদ। তাই সংগ্রাম দেশপ্রেমে যুব সমাজকে উদ্বুদ্ধ করা এবং সেবামূলক কাজে উৎসাহিত করার মাধ্যমে মানবিক জাগরণে নিবেদিত করতে সক্ষম হয়েছে। এলাকায় এই যুবকদের জয়গান এখন সর্বত্র বিদ্যমান।

# কমিউনিটি ক্লিনিকের সাথে সংযোগ স্থাপন

সংগ্রাম'র ইউপিপি-উজ্জীবিত প্রকল্পের সদস্যদের স্থানীয় পর্যায়ে সেবা প্রদানকারী প্রতিষ্ঠান থেকে যেন সহজে সেবা গ্রহন করতে পারে সে জন্য কমিউনিটি ক্লিনিকের সাথে সংযোগ স্থাপন কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে।




*সিএইচসিপি হাফিজা আকতার ক্লিনিকের সেবা উপস্থাপন করছেন*

দাতা সংস্থা ইউরোপীয় ইউনিয়নের অর্থায়নে ও পল্লী কর্ম সহায়ক ফাউণ্ডেশনের সহযোগীতায় ২০ সেপ্টেম্বর সকাল ১০টা থেকে ১২ টা ৩০ মিনিট পর্যন্ত আমতলী উপজেলার চালিতাবুনিয়া কমিউনিটি ক্লিনিকে অনুষ্ঠিত কার্যক্রমে সংরক্ষিত নারী ইউপি সদস্য মোসাম্মাৎ জাহানারা, পুরুষ ইউপি সদস্য মোঃ জয়নাল আবেদীন, কমিউনিটি ক্লিনিকের হেল্‌থ এসিস্ট্যান্ট আনজুমান আরা, সিএইচসিপি হাফিজা আকতার, চালিতাবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শাহজাহান, সংগ্রাম'র ইউপিপি-উজ্জীবিত প্রকল্প সমন্বয়কারী মাসউদ সিকদার, ব্যবস্থাপক বেবী দত্ত, পূরবী কিশোরী ক্লাবের সভানেত্রী মোসাম্মাৎ সোনিয়া আকতার, সেক্রেটারী মীম আকতারসহ সংগ্রামের উপকারভোগী সদস্যরা, গর্ভবতী ও প্রসূতি নারী, স্থানীয় পুরুষ, শিশু, শিক্ষক, শিক্ষার্থী এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

# কিশোরী ক্লাবের সদস্যদের প্রশিক্ষণ অনুষ্ঠিত



*সনদপত্র বিতরণ করছেন পিকেএসএফের জনাব খন্দকার মুনির হাসান*

বরগুনায় ১৪ আগস্ট খাদ্য নিরাপত্তা ২০১২-বাংলাদেশ শীর্ষক প্রকল্পের আওতায় সংগ্রাম'র উজ্জীবিত প্রকল্পের কিশোরীদের পুষ্টি ও সামাজিক দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। সংগ্রাম প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ মিলনায়তনে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। দিনব্যাপী এ প্রশিক্ষণ কর্মশালায় সংগ্রাম'র পরিচালক মোঃ ইউসুফের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিকেএসএফের উজ্জীবিত কম্পোনেন্টের এসিস্ট্যান্ট প্রজেক্ট কো-অর্ডিনেটর (এমআইএস) জনাব খন্দকার মুনির হাসান, এবং বিশেষ অতিথি ছিলেন সংগ্রাম'র পরিচালক (অর্থ) রেশমাতুজ্জামান। প্রশিক্ষণ প্রদান করেন জনাব খন্দকার মুনির হাসান ও সংগ্রামের প্রশিক্ষকবৃন্দ। এই প্রশিক্ষণে সংগ্রাম'র ১২ টি কিশোরী ক্লাব থেকে ২৫ জন কিশোরী অংশগ্রহণ করেন।

# বরগুনায় বিশ্ব মানবিক দিবস পালিত




বিশ্ব ব্যাপি অমানবিক পরিস্থিতির ভয়াবহতা কাটিয়ে সুন্দর পৃথিবী গড়ার প্রত্যয় নিয়ে বরগুনায় বিশ্ব মানবিক দিবস পালিত হয়েছে। ১৯ আগস্ট র‍্যালি, আলোচনাসভা, চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার মাধ্যমে এই দিবসের তাৎপর্য তুলে ধরে দিবসটি উদযাপিত হয়।

বরগুনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বরগুনার জেলা প্রশাসক মো. মোখলেছুর রহমান। দিবসটির তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন বামনা উপজেলা নির্বাহী অফিসার জেবুন্নাহার, বরগুনা এনজিও ডেভেলপমেন্ট ফোরামের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আবদুল মোতালেব মৃধা, বরগুনা প্রেসক্লাবের সভাপতি আনোয়ার হোসেন মনোয়ার, অন্বেষা এনজিও'র নির্বাহী পরিচালক মো. শামস্ উদ্দিন খাঁন, লোকবেতারের স্টেশন ম্যানেজার মনির হোসেন কামাল। আলোচনাসভা শেষে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে ক্রেস্ট বিতরণ করা হয়। সংগ্রামের আয়োজনে এই দিবস উদযাপনে সহযোগিতা করেছে এলনা প্রকল্পের আওতায় কোডেক ও অর্থায়ন করেছে অক্সফাম।

১৯ আগষ্ট ২০০৩ ইং তারিখে ইরাকের রাজধানী বাগদাদে জাতিসংঘের কার্যালয়ে এক ভয়াবহ বোমা হামলায় জাতিসংঘের বিশেষ দূত ও প্রাক্তন মানবাধিকার হাইকমিশনার সার্জিও ভিয়েরা ডি মেলো সহ ২২ জন মানবাধিকার কর্মী নিহত হন এবং এর পর থেকে প্রতি বছর সারা বিশ্বে কোন না কোন দেশে মানবিক পরিস্থিতির বিপর্যয় ঘটে চলেছে। এর মধ্যে বাংলাদেশ-মায়ানমারের রোহিঙ্গা সমস্যা, সিরিয়ার উদ্বাস্তু সমস্যা, বিশ্বব্যাপি শিশু শ্রমের হার বৃদ্ধি, নারী ও শিশুদের প্রতি বৈষম্যমূলক আচরন বৃদ্ধি প্রভৃতি উল্লেখযোগ্য। এরই প্রেক্ষিতে জাতিসংঘ সাধারন পরিষদের সম্মেলনে প্রতি বছর ১৯ আগষ্ট বিশ্ব মানবিক দিবস পালনের সিদ্ধান্ত গৃহিত হয়।

## ৪৫জন দরিদ্র নারীকে ২ লক্ষ ২৫ হাজার টাকা আর্থিক সহায়তা প্রদান



*ঝুঁকি তহবিলের টাকা প্রদান করছেন জেলা প্রশাসক জনাব মো. মোখলেছুর রহমান*

বরগুনায় ৪৫ পরিবারে ২ লক্ষ ২৫ হাজার টাকা অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। অতিদরিদ্র পরিবারের প্রধান উপার্জনকারী সদস্যের আকস্মিক মৃত্যু, মারাত্মক দুর্ঘটনায় অংগহানি ও দুরারোগ্য ব্যাধির কারণে ক্ষতিগ্রস্থ অতিদরিদ্র ৪৫ পরিবারকে এই আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। প্রত্যেক পরিবারকে পাঁচ হাজার টাকা করে ৪৫ পরিবারে মোট ২ লক্ষ ২৫ হাজার টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

বরগুনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত এই অনুষ্ঠানে জেলা প্রশাসক মো. মোখলেছুর রহমান আর্ত পরিবারগুলোর প্রতিনিধির হাতে এই অর্থ তুলে দেন। এসময় সংগ্রাম'র নির্বাহী পরিচালক জনাব চৌধূরী মোহাম্মদ মাসুম, বরগুনা এনজিও ডেভেলপমেন্ট ফোরামের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আবদুল মোতালেব মৃধা, অন্বেষা এনজিও'র নির্বাহী পরিচালক মো. শামস্ উদ্দিন খাঁন, নির্বাহী মেজিস্ট্রেট সুলতানা নাসরিন কান্তা ও অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

পরিবারের উপার্জনকারী সদস্যের আকস্মিক মৃত্যু, দুর্ঘটনায় অংগহানি ও দুরারোগ্য ব্যাধির কারণে আয়ের উৎস বন্ধ হয়ে উক্ত পরিবারের সঞ্চয় ও সম্পদ নিঃশেষ হওয়া রোধ করার পাশাপাশি পরিবারের অন্যান্য সদস্যবৃন্দকে আয়বর্ধনমূলক কর্মকান্ডে সম্পৃক্তকরণে উৎসাহ প্রদান করার উদ্দেশ্যে এই সহায়তা দেয়া হয়। স্থানীয় এনজিও সংগ্রাম'র আয়োজনে, ইউরোপিয়ান ইউরিপিয়নের অর্থায়নে, পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় ইউপিপি-উজ্জীবিত প্রকল্পের আওতায় এই ঝুঁকি তহবিল প্রদান করা হয়।

## পাথরঘাটায় কাঁকড়া চাষ বিষয়ক স্টার্ট-আপ কর্মশালা অনুষ্ঠিত



*বক্তব্য দিচ্ছেন পাথরঘাটা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হুমায়ূন কবির*

পাথরঘাটায় কাঁকড়া চাষ প্রযুক্তি সম্প্রসারণ, বাজারজাত করণের আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি বিষয়ক স্টার্ট-আপ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। পিকেএসএফ এর অর্থায়নে বেসরকারি সংস্থা সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী (সংগ্রাম) এই কর্মশালার আয়োজন করেন।

১৬ মে সকাল ১০টায় পাথরঘাটা উপজেলা পরিষদ মিলনায়তনে দিনব্যাপী এই কর্মশালা অনুষ্ঠিত হয়। সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মদ মাসুমের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন পাথরঘাটা উপজেলা পরিষদ চেয়ারম্যান মো. রফিকুল ইসলাম।

এসময় বক্তব্য রাখেন, পাথরঘাটা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. হুমায়ূন কবির, পাথরঘাটা পৌরসভার মেয়র মো. আনোয়ার হোসেন আকন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এডভোকেট মো. জাবির হোসেন, মৎস্য কর্মকর্তা এসএম আজহারুল ইসলাম, উপজেলা বন কর্মকর্তা সাইদুর রহমান আকন প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন সংগ্রাম'র পরিচালক (প্রশিক্ষণ) মাসউদ সিকদার।

কর্মশালায় উপজেলা চেয়ারম্যান বলেন, সমুদ্র উপকূল পাথরঘাটায় শতকরা ৮০ জন মানুষ মৎস্য শিকারের ওপর নির্ভরশীল। জেলেরা সুন্দরবন উপকূলে মাছ ধরতে গিয়ে তাদের জালে কাঁকড়াও ধরা পড়ে। এসব কাঁকড়া এনে অপরিকল্পিতভাবে বাড়িতে পুকুরে কাঁকড়া চাষ করেন তারা। এসকল চাষীরা তাদের কাঁকড়া চাষে নিয়মকানুন না জানায় লাভবান হচ্ছে না। তাই সংগ্রাম'র উদ্যোগে কাঁকড়া চাষ প্রযুক্তি সম্প্রসারণ করা হলে এই উপকূলে চাষীরা তাদের জীবনে সফলতা অর্জন করতে পারবে।


**প্রধান পৃষ্ঠপোষক ঃ** চৌধূরী মোহাম্মদ মাসুম, **নির্বাহী সম্পাদক ঃ** চৌধূরী মোহাম্মদ মুনীর, **সম্পাদক ঃ** মোঃ মাসউদ সিকদার
ইনফরমেশন সেল, সংগ্রাম, শহীদ স্মৃতি সড়ক, বরগুনা থেকে প্রকাশিত। ফোন ঃ +৮৮ ০৪৪৮ ৬২৮২৮
E-mail: sangramngo@yahoo.com, facebook.com/ngosangram, Website: www.sangram.ngo